

এইচএসসি পরীক্ষা ০৮ ঢাকা বোর্ডে বাংলা দ্বিতীয় পত্রের প্রশ্নে ৩টি ভুল

ফুলপুর/বাজিতপুর প্রতিনিধি

ঢাকা বোর্ডের অধীনে বৃহস্পতিবার উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার বাংলা দ্বিতীয় পত্রের প্রশ্নে ৩টি ভুল থাকায় পরীক্ষার্থীরা বিধাঙ্কনে পড়ে। ৫নং প্রশ্নের 'গ' নম্বরে উল্লেখ করা হয়েছে প্রতায়ের নামসহ প্রকৃতি প্রত্যয় নির্ণয় কর যে কোন ২টি। এখানে হওয়ার কথা ছিল যে কোন ৬টি। আবার, একই প্রশ্নের 'ঘ' নম্বরে উল্লেখ করা হয়েছে ব্যাস বাক্যসহ সমাসের নাম লেখ যে কোন ২টি। এখানেও হওয়ার কথা ছিল যে কোন ৬টি। ৬নং প্রশ্নের 'ক' নম্বরে উল্লেখ করা হয়েছে 'সহকারী শিক্ষক'। এখানে হওয়ার কথা ছিল 'সহকারী শিক্ষক'। ফুলপুর ডিগ্রি কলেজের মানবিক শাখার পরীক্ষার্থী রায়হান জানায়, প্রশ্নে ২টি করে উত্তর দেয়ার কথা থাকলেও সে ৬টি করে উত্তর দিয়েছে। একই কলেজের পরীক্ষার্থী রফিকুল ইসলাম রবেল জানায়, প্রশ্নে ২টি করে উত্তর দিতে বলা হয়েছে, তাই ২টি করেই দিয়েছি।

এইচএসসি ও সমমানের পরীক্ষা ৫১ শিক্ষার্থী ও এক শিক্ষক বহিষ্কার

যুগান্তর রিপোর্ট

এইচএসসি ও সমমানের পরীক্ষার চতুর্থ দিন বৃহস্পতিবার সারাদেশে ৫১ জন শিক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এদের বিরুদ্ধে অসদুপায় অবলম্বনের অভিযোগ আনা হয়েছে। এছাড়া অসদুপায় অবলম্বনে, সহায়তার দায়ে যশোর বোর্ডে একজন কক্ষ পরিদর্শকও বহিষ্কৃত হয়েছেন। অন্যদিকে ফাজিল পরীক্ষায় ৩ শিক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। বহিষ্কৃতদের মধ্যে এইচএসসি পরীক্ষার্থী রয়েছে ২৩ জন। এদের মধ্যে ঢাকা বোর্ডে ৩ জন, কুমিল্লায় ৪, যশোরে ৩, রাজশাহীতে ৫, চণ্ডীগঞ্জে ২ ও বরিশাতে ৬ জন রয়েছে। এইচএসসিতে কাল বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা ছিল।